

AP-2
21/9/16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০১৩.২০১৫/২৪৬

তারিখ : ২১-০৯-২০১৬ খ্রিঃ।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের “হিসাব রক্ষণ কর্মকর্তা” (১ম শ্রেণি) এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের “প্রিন্টিং ম্যানেজার” এর (১ম শ্রেণি) শূণ্য পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের “হিসাব রক্ষণ কর্মকর্তা” (১ম শ্রেণি) এর শূণ্য পদে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও হিসাব বিজ্ঞান বিষয়ে সর্বমোট ২০০ নম্বরের এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের “প্রিন্টিং ম্যানেজার” এর (১ম শ্রেণি) শূণ্য পদে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়ে সর্বমোট-২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পরীক্ষার তারিখ : ১৭-১০-২০১৬ ইং, সোমবার।

সময় : বেলা- ১:০০ থেকে ৪:০০ টা পর্যন্ত।

পরীক্ষার স্থান : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

২। “হিসাব রক্ষণ কর্মকর্তা” পদের প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েব সাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। “প্রিন্টিং ম্যানেজার” পদের প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হচ্ছে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩। লিখিত পরীক্ষা সংক্রান্ত প্রমিত নির্দেশাবলী কমিশনের ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন্-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।

- ❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।